

সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ২৩/০৯/২০২১, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ করে শুনানো হয় কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তীগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঙ্গিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি প্রথম কিস্তির বরাদ্দ এসেছে। প্রথম বরাদ্দ অনুযায়ী পরবর্তী কিস্তির বরাদ্দগুলো আসবে। এডিপি প্রকল্পের জন্য তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সভায় ২০২১-২২ অর্থ বৎসরে এডিপির অর্থ দ্বারা টুঙ্গিপাড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাস্ক সরবরাহ কাজের জন্য ২,৬৫,০০০/= (দুই লক্ষ পয়ষটি হাজার) টাকা মাত্র প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা- ২ শাখা হতে (১) উপজেলা পরিষদ ভবন ও সম্মেলন কক্ষ আধুনিকায়ন ৭,০০,০০০/= (সাত লক্ষ টাকা) (২) উপজেলা কনফারেন্স রুমের সৌন্দর্য্য বর্ধন ও সংস্কার ৮,০০,০০০/= (আট লক্ষ টাকা) (৩) উপজেলা পরিষদ ডরমিটারী ভবন মেরামত- ৫,০০,০০০/= (পাঁচ লক্ষ) টাকা (৫) উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস রুমের সংস্কার- ৩,০০,০০০/= (তিন লক্ষ টাকা) মাত্র সর্ব মোট ২৩,০০,০০০/= (তেইশ লক্ষ টাকা) মাত্র বরাদ্দ এসেছে। সভায় তিনি আরও জানান যে, এডিপি বরাদ্দের অর্থ দ্বারা প্রকল্প কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য (১) কুশলী মেইন রাস্তা হতে ইউপি চেয়ারম্যান বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ- ২,০০,০০০- সিপিসি- চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ (২) বর্নি মাদ্রাসার ডেন নির্মাণ ২,০০,০০০/= সিপিসি- চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ (৩) গোপালপুর পঞ্চপল্লী উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ ২,০০,০০০/= সিপিসি- চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ (৪) পাটগাতী ইউনিয়ন পরিষদ সংস্কার ২,০০,০০০/= সিপিসি- চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ (৫) বাঁশবাড়ীয়া মধ্যপাড়া এলজিইডি ব্রীজ হতে সহিত শেখের বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ ২,০০,০০০/= সিপিসি- চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ (৬) পাটগাতী মন্ডলবাড়ী কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র সরবরাহ ২,০০,০০০/= সিপিসি- উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) (৭) কাকুইবুনিয়া সার্বজনীন দুর্গা মন্দিরে বালু ভরাট ও ইটের সোলিং নির্মাণ- ২,০০,০০০/= সিপিসি- উপজেলা ভাইস চেয়ারম্যান কাজের জন্য প্রকল্প দাখিল করেছেন। সভায় তিনি আরও জানান যে, নারী উন্নয়ন ফোরামের ৩% অর্থ দ্বারা মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মাঝে বাই সাইকেল বিতরণ, ১,৫০,০০০/= টাকা প্রকল্প দাখিল করেছেন। সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া আরও জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের পানির লাইন সংস্কার করা হয়েছে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বৈদ্যুতিক লাইনের কাজ করা হয়েছে। উক্ত কাজে মোট ১৬৬৪০/= টাকা বিল হয়েছে এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান স্যারের কক্ষের সার্কিট ব্রেকার ও বৈদ্যুতিক লাইনের কাজ করানো হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>(১) সিপিসি কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত ও দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।</p> <p>(২) স্থানীয় সরকার বিভাগ উপজেলা- ২ শাখা হতে প্রাপ্ত বরাদ্দের কাজগুলো দ্রুত বাস্তবায়নের জন্য RFQ করার অনুরোধ জানান।</p> <p>(৩) এছাড়া উত্থাপিত অন্যান্য প্রস্তাবগুলো সভায় সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।</p>	<p>১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া।</p>

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটেটর, টুঞ্জিপাড়া জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প এবং অবকাঠো উপ-প্রকল্পের তালিকা চূড়ান্ত করা হয়েছে। সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহ (১) উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক মৌলিক প্রশিক্ষণ (২) পাদুকা ও চামড়া জাত পন্য প্রস্তুতকারক ও কারিগরদের প্রশিক্ষণ ও বাজার পরিচিতি (৩) গাভী পালন উন্নয়ন খামার ব্যবস্থাপনা এবং দুগ্ধজাত পন্য তৈরী বিষয়ক প্রশিক্ষণ (৪) সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিনিধিদের বিজ্ঞান বিষয়ক শিক্ষকদের ব্যবহারিক বিষয়ে প্রশিক্ষণ (৫) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ (৬) সূর্য মুখীর আধুনিক উৎপাদন কলাকৌশল, বেল প্রক্রিয়াজাতকরণ ও উন্নয়ন প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষণ। (৭) আধুনিক পদ্ধতিতে মাছ চাষের কলাকৌশল এবং মৎস্য চাষীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ। অবকাঠামো উন্নয়ন উপ- প্রকল্প (১) টুঞ্জিপাড়া টুঞ্জিপাড়া উপজেলায় ৬টি পাকা রাস্তায় ও জনগুরুত্বপূর্ণ স্থানে সোলার/স্মিট লাইট স্থাপন এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে ৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় কিন্তু ঠিকাদার কর্তৃক কাজে ২টি কাজে লেস দেওয়ায় ১০,০০,০০০/= (দশ লক্ষাধিক) টাকার মত প্রকল্পের কাজের ব্যয় অব্যয়িত থেকে যায়। যে কারণে উক্ত টাকায় গওহরডাঙ্গা মাদ্রাসায় পাকা ডেন নির্মাণ কাজের প্রকল্প গ্রহণ করা হয়। সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পগুলো অনুমোদিত হলে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন।</p>	<p>(১) প্রস্তাবগুলো সভায় সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।</p>	<p>উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটেটর, টুঞ্জিপাড়া</p>
---	---	---

উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, গণটিকা কর্ম সূচী সফল সুসম্পন্ন হয়েছে। উক্ত কাজে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানান। সভাই তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চলতি মাসে এ পর্যন্ত জরুরী বিভাগে ১০৫৬জন, বহিঃবিভাগে- ৯৬০৯ জন, আন্ত বিভাগে ১৯১৯ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অ্যাস্ট্রাজেনেকা মোট ৮৪৭০ ডোজ বেং সাইনোফার্মা মোট ৩৫৯৫৩জনকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p align="center">---o---</p>	<p>চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ</p>
--	-------------------------------	--

স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস টুঞ্জিপাড়া

<p>সভায় স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, টুঞ্জিপাড়া জানান যে, আসন্ন দুর্গাপূজা উপলক্ষে বিভিন্ন স্থানে পূজা মন্ডপে গেট করা হবে। পূজা মন্ডপের গেট গুলো কমপক্ষে ১০ ফুট উঁচু করে গেট নির্মানের জন্য অনুরোধ জানান। গেটের উচ্চতা ১০ ফুট এর কম হলে পূজা মন্ডপে যে কোন ধরনের অসুবিধা হলে ফায়ার সার্ভিসের গাড়ী প্রবেশ করা যাবে না, এবং সেবা প্রদানে সমস্যা তৈরী হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p align="center">---o---</p>	<p>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস টুঞ্জিপাড়া।</p>
--	-------------------------------	---

উপজেলা শিক্ষা অফিসারের কার্য লয়

<p>সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঞ্জিপাড়া জানান যে, দীর্ঘ প্রায় ১ বছর ৮ মাস পর কঠোর শাস্তিবিধি মেনে বিদ্যালয়ে পাঠ দান শুরু হয়েছে। কিন্তু দীর্ঘ দিন পর্যন্ত বিদ্যালয় বন্ধ থাকায় অনেক ছাত্র ছাত্রীর অভিাবক তাদের মাদ্রাসায় ভর্তি করেছে। ফলে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা কমে গেছে। এমতাবস্থায়, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ফিরিয়ে আনার জন্য সকলের পরামর্শ কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ নিয়মিত ছাত্র-ছাত্রীদের বাড়ীতে হোম ভিজিটসহ বোঝানোর অনুরোধ জানান।</p>	<p>উপজেলা শিক্ষা অফিসার, টুঞ্জিপাড়া</p>
--	---	--

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্য লয়

সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঙ্গিপাড়া জানান যে, আগামী ২৬/০৯/২০২১ তারিখ হতে খাদ্য বাস্কব কর্মসূচী চালু হবে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কমান করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঙ্গিপাড়া।
--	---------	---------------------------------------

উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, ভিজিডি ট্যাগ অফিসার নিয়ে কিছুটা জটিলতা সৃষ্টি হয়েছে। এখানে ভিজিডি ও খাদ্য বাস্কব কর্মসূচীর ট্যাগ অফিসার প্রতি ইউনিয়নে একই ব্যক্তি না কি ভিন্ন ভিন্ন ব্যক্তিকে দায়িত্ব দেওয়া হয়েছে। বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ ভিজিডি ও খাদ্য বাস্কব কর্মসূচী ট্যাগ অফিসার আলাদা। চাল বিতরণের মাস্টারোল অফিসে জমা না দিলে পরবর্তী ডিও প্রদান না করার জন্য অনুরোধ জানান।	উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুঙ্গিপাড়া
--	---	--

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, করোনা ভাইরাসের কারণে দীর্ঘ দিন বিদ্যালয়গুলো বন্ধ থাকার পর আবার বিদ্যালয় কার্য ক্রম চলু হয়েছে। ইতোমধ্যে উন্মুক্ত পরীক্ষা শুরু হয়েছে। আগামী নভেম্বর ও ডিসেম্বর মাসে এসএসসি ও এইচএসসি পরীক্ষা শুরু হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া।
--	---------	---

সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তার কার্য লয় টুঙ্গিপাড়া

সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি মাসে উন্মুক্ত জলাশয়ে ও উপজেলা পরিষদ পুকুরে ২৬০ কেজি কার্প জাতীয় মাছের পোনা অবমুক্ত কর হয়েছে। আগামী মাসের ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন ইলিশ রক্ষা অভিযান পরিচালিত হবে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় তিনি আরও জানান যে, বন্যাবাড়ী অভয়াশ্রম সংস্কারের জন্য ১৫,০০০/= টাকা বরাদ্দ এসেছিল। এই টাকা দিয়ে স্বল্প পরিসরে অভয়াশ্রম সংস্কার করা হয়েছে। পরিপূর্ণ সংস্কারের জন্য আরও অর্থের প্রয়োজন। সভায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ বন্যাবাড়ী অভয়াশ্রম সংস্কারের জন্য প্রাক্কলন চাহিদা করার জন্য অনুরোধ জানান।	সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তা টুঙ্গিপাড়া
--	---	---

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি বছরে ১ম কিস্তিতে সাধারণ কাবিটা বরাদ্দ এসেছে। এ বছর টাকা, চাউল ও গম আসবে। নির্বাচনী এলাকার বরাদ্দের বিভাজন এখনো হয়নি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয়
---	---------	---

উপজেলা সমবায় কর্ম কর্তার কার্য লয় টুঙ্গিপাড়া

সভায় উপজেলা সমবায় কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্য ক্রম পরিচালনা করছে। টুঙ্গিপাড়া উপজেলায় এ ধরনের কোন প্রতিষ্ঠান	---০---	১। উপজেলা সমবায় কর্ম কর্তা টুঙ্গিপাড়া
--	---------	---

<p>উপজেলা সমবায় কার্য লিয়েঃ নজর এড়িয়ে কার্য ক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দান করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত লক্ষণ আদায়ের পরিমাণ- ৪৬৭৭৪০০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্য লিয়েঃ আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঞ্জিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ১১,১০,০০০/= টাকা ঋণ দান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৪৩০৭০৬/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋণ আদায়ের পরিমাণ- ৮৭৭৫১০০/= টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য থানার মাধ্যমে নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>		
--	--	--


চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া

<p>সভায় চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া জানান যে, আমাদের এলাকায় করোনা কালীন দীর্ঘ সময় স্কুল বন্ধ থাকায় মে শ্রেণী থেকে শুরু করে ৯ম, ১০ম শ্রেণী পড়ুয়া মেয়েদের বিবাহ হয়ে যাচ্ছে। এ সকল বিবাহে দেখা যায় জন্ম সনদ অনুযায়ী বয়স না হলেও জন্ম তারিখ টেম্পোরিং করে বিবাহ দিয়ে দিচ্ছে। তাছাড়া কবিন না করে সরা পরিয়েও এ সকল ছোট ছোট মেয়েদের বিবাহ দিয়ে দিচ্ছে। এ বিষয়ে প্রতিটি মসজিদে ইমামদের মাধ্যমে সকলকে অবহিত করে সচেতন করার জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, বর্তমান সময়ে যে সকল স্ট্রীট সোলার লাইট স্থাপন করা হচ্ছে। তার মান অত্যন্ত কম। স্ট্রীট সোলার লাইট বসানোর ক্ষেত্রে সর্ব নিম্ন একটি স্ট্রীট সোলার লাইটের মান ধরে দিলে কাজ গুলো ভালো হতো। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>---0---</p>	<p>চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া</p>
---	----------------	--

চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া

<p>সভায় চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া জানান যে, এলজিইডি রাস্তার পাশে লাগানো গাছ রক্ষণা বেক্ষনের জন্য ১০ জন মহিলা স্বেচ্ছাসেবি কর্মী এলজিইডি কর্তৃক নিয়োগ দেওয়া হয়েছিল। তাদের মেয়াদ শেষ হয়েছে। নতুন ভাবে রাস্তার পাশে গাছ রোপন করার প্রয়োজন হলে গোপালপুর ইউনিয়নের বেলেডাঙ্গা খালের পাড় দিয়ে গাছ লাগানোর জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>---0---</p>	<p>চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া</p>
---	----------------	---

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ সোলায়মান বিশ্বাস)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২- ১২০৭

তারিখঃ ২৩/০৯/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা কর্মকর্তা টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব
- ১৩। অফিস কপি।


(এ. কে. এম. হেদায়েতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২